গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মৌলভীবাজার সদর
www.moulvibazar sadar.maulvibazar.gov.bd

**মৌলভীবাজার সদর উপজেলার ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. মাসের মাসিক আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : মো: শরীফ উদ্দিন,
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।

সভার তারিখ : ১৩/০২/২০২৩খিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা –পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা- পরিশিষ্ট "খ"

সভাপতি উপস্থিত আইন শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত ১৬.০১.২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ করা হয়। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ও সভার বিশেষ আলোচ্যসূচি উপস্থাপন করা হয় এবং বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার বলেন ইদানিং বিদ্যুতের ট্রান্সফরমার চুরির সংখ্যা বৃদ্ধি পেয়েছে। ট্রান্সফরমার চুরি রোধে চেয়ারম্যানগণ কে সতর্ক দৃষ্টি রাখার জন্য তিনি অনুরোধ জানান। ট্রান্সফরমার চুরি রোধে গ্রামবাসীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং রাতে পাহারার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর জানান, বিগত সভায় গ্রামীন রাস্তা সংলগ্ন স্থানে ভবন ভবন/স্থাপনা নির্মাণকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত নেয়া হয়েছিল কিন্তু উপজেলা প্রকৌশলী এ বিষয়ে কোন অগ্রগতি প্রতিবেদন দাখিল করেননি । এ বিষয়ে বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার পূর্বে দাখিলের জন্য তিনি উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।

চেয়ারম্যান, ৩নং কামালপুর ইউপি জনাব আপ্লান আলী জানান কামালপুর ইউপি এর বিভিন্ন রাস্তায় প্রতিদিন প্রায় ২০০ অটোরিক্সা চলাচল করে। বেশীরভাগ অটোরিক্সার নাম্বার প্লেইট লাগানো থাকেনা। এ ছাড়া ব্যাটারি চালিত কিছু রিক্সা রয়েছে। যেগুলোর কোন লাইসেন্স নাই। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান

ডেপুটি জেনারেল ম্যানেজার, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি জানান বিদ্যুতের ট্রান্সফরমার চুরি হলে ১মবার ৫০% ছাড় দিয়ে নতুন ট্রান্সফরমার দেয়া হয়। ২য় পর্যায় হতে কোন ছাড় দেয়া হয়না। এজন্য স্থানীয়ভাবে মাইকিং করে এ বিষয়ে সচেতন থাকার জন্য এলাকাবাসীকে অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া রাতে বিদ্যুৎ চলে গেলে স্থানীয় জনগণ যেন টর্চলাইট দিয়ে ট্রান্সফরমারগুলো বারংবার পর্যবেক্ষণ করেন ।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, একটি সংঘবদ্ধ দল রয়েছে যারা চুরির সাথে জড়িত। থানা পুলিশের বিট অফিসারগণ আরো সচেতন হলে কারা কারা ট্রান্সফরমার চুরির সাথে জড়িত তাদের বের করে আনা সম্ভব। সংঘবদ্ধ চক্র ট্রান্সফরমারসমূহ চুরি করে অল্প দামে ভাঙ্গাড়ীদের কাছে বিক্রি করে। যারা চুরি করে তারা এ সমাজেরই লোক । এ জন্য সামাজিকভাবে এসকল চোরদের চাপ প্রয়োগ করা যেতে পারে যাতে তারা এ ধরণের অপরাধমূলক কার্যক্রম হতে বিরত থাকে। ইউপি চেয়ারম্যানগণকে ইউনিয়ন পরিষদের মাসিক সভায় ওয়ার্ড সদস্যদের এ বিষয়ে দিকনির্দেশনা দিতে তিনি অনুরোধ জানান।

আলী আমজদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক জনাব মো: মুজিবুর রহমান জানান বিদ্যালয় ছুটির সময় বিদ্যালয়ের সামনে অভিভাবকদের ভিড় থাকায় রাস্তায় যানজটের সৃষ্টি হয় । এজন্য বিদ্যালয় ছুটিকালীন সময়ে ট্রাফিক পুলিশ সহযোগিতা করলে রাস্তায় যানজট কমবে।

সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ জনাব স্বপন চাকমা জানান শহরের কাজীরগাঁও এলাকার শহীদ জিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মটর চুরি হয়ে যাওয়ায় বিদ্যালয়ে পানির সমস্যা হচ্ছে।

চেয়ারম্যান ৪নং আপার কাগাবালা ইউপি জনাব ইমন মোস্তফা জানান মাদক চোরাচালানের ট্রানজিট পাওয়া গিয়েছে এবং পুলিশ ইতিমধ্যে কয়েকজনকে গ্রেফতার করেছে। এজন্য তিনি থানা পুলিশকে ধন্যবাদ জানান এবং গডফাদারদের চিহ্নিত করে আটক করার অনুরোধ জানান।

চেয়ারম্যান, ৩নং কামালপুর ইউপি জনাব আপ্তান আলী জানান শীতমৌসুমে বিভিন্ন থানে অনুষ্ঠিত ওরস ও মেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল ছিল । কোথাও জুয়া খেলা হয়নি। বিট অফিসার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সহযোগিতা করেছে । এজন্য তিনি থানা পুলিশকে ধন্যবাদ জানান।

চেয়ারম্যান, ২নং মনুমুখ ইউপি জনাব এমদাদ হোসেন জানান, সরকার বাজারে রাস্তার পার্শ্বে অবৈধ দোকান ও স্থাপনা উচ্ছেদ করা হয়েছে। পুনরায় কিছু কিছু দোকান আবার বসছে। এদরকে বাজারে নেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান। রাস্তার পার্শ্বে সড়ক বিভাগের উন্মুক্ত জায়গায় কাটা তারের বেড়া দিয়ে গাছ রোগন করার জন্য তিনি অনুরোধ জানান। এছাড়া সরকার বাজারের সামনে সড়কে গোল চত্বর দেয়ার জন্য তিনি অনুরোধ জানান।

পুলিশ পরিদর্শক ( শহর ও যানবাহন), সদর ট্রাফিক জনাব ডি,এম মারিকুল ইসলাম জানান কালো গ্লাস ব্যবহারকারী টিছু কিছু গাড়ী রয়েছে অরিজিনাল। ইতিমধ্যে কালো গ্লাস ব্যবহারকারী ১২টি গাড়ির বিরুদ্ধে মামলা হয়েছে। তিনি আরও জানান ইতিমধ্যে বিআরটিএ কার্যালয় হতে নতুন কোন সিএনজির লাইসেন্স দেয়া হবে না মর্মে নোটিশ দেয়া হয়েছে।

সহকারী কমিশনার(ভূমি) জনাব সাদিয়া সুলতানা জানান, গত মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ৩টি ভ্রাম্যমান আদালত পরিচালনা করেছেন। এছাড়া ট্রেড লাইসেন্স ও বালুমহাল আইনেও ভ্রাম্যমান আদালত পরিচালনা করা হয়েছে।

অফিসার ইনচার্জ, মৌলভীবাজার সদর মডেল থানা জানান বিগত মাসে থানায় ৩০টি মামলা রেকর্ড করা হয়েছে। তিনি আরো জানান যে চুরি এবং অন্যান্য অপরাধ রোধে আইন-শৃঙ্খলা রক্ষার্থে নিয়মিত টহল কার্যক্রম পরিচালিত হচ্ছে। বিট পুলিশিং কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। মৌলভীবাজার সদর উপজেলায় শান্তি এবং শৃঙ্খলা বজায় রাখতে সবাইকে সর্বোচ্চ সহযোগিতার বিষয়ে তিনি নিশ্চয়তা প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরি প্রসঙ্গে | বৈদ্যুতিক ট্রান্সফরমার চুরি রোধে গ্রামবাসীদের সতর্ক থাকার জন্য এবং ইউনিয়ন পরিষদের মাসিক সমন্বয় সভায় আলোচ্য বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করে ইউপি সদস্যগণকে এ বিষয়ে দিকনির্দেশনা প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল |
| ০২ | গ্রামীন রাস্তা সংলগ্ন স্থানে ভবন নির্মানে বিধি অনুসরণ প্রসঙ্গে | গ্রামীন রাস্তা সংলগ্ন স্থানে ভবন/স্থাপনা নির্মাণকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের অগ্রগতি বিষয়ে আগামী সভায় প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |
| ০৩ | নাম্বার প্লেইট বিহীন অটোরিক্সার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ | নাম্বার প্লেইট বিহীন অটোরিক্সার বিরুদ্ধে অভিযান পরিচালনার জন্য অফিসার ইনচার্জ মডেল থানা ও পুলিশ পরিদর্শক ( শহর ও যানবাহন), সদর ট্রাফিক কে অনুরোধ জানানো হয়। | অফিসার ইনচার্জ মডেল থানা ও পুলিশ পরিদর্শক ( শহর ও যানবাহন), সদর ট্রাফিক |
| ০৪ | আলী আমজদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সম্মুখের রাস্তায় বিদ্যালয় ছুটিকালীন সময়ে বিদ্যালয়ের সামনের রাস্তায় যানজট নিরসনে ট্রাফিক পুলিশের সহযোগিতা প্রদান প্রসঙ্গে | আলী আমজদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ছুটির সময় বিদ্যালয়ের সামনের রাস্তায় যানজট নিরসনে ট্রাফিক পুলিশকে সহযোগিতা করার নির্দেশনা প্রদানের জন্য পুলিশ পরিদর্শক ( শহর ও যানবাহন), সদর ট্রাফিক কে অনুরোধ জানানো হয়। | পুলিশ পরিদর্শক ( শহর ও যানবাহন), সদর ট্রাফিক |

| | | | |
|---|---|---|---|
| ০৫ | সরকার বাজারের সামনে রাস্তার পার্শ্বে অবৈধ দোকান স্থাপন | অবৈধ দোকান উচ্ছেদের জন্য সহকারী কমিশনার(ভূমি) কে অনুরোধ জানানো হয়। | সহকারী কমিশনার(ভূমি ও অফিসার ইনচার্জ, মৌলভীবাজার মডেল থানা |
| ০৬ | প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা কমিটির সভা প্রসঙ্গে | জেলা আইন-শৃংখলা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা কমিটির সভা করে কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ০৭ | মাদক সংক্রান্ত | মাদকের বিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। তামাক নিয়ন্ত্রণ আইনে ব্যাপক প্রচার অব্যাহত রেখে জনসাধারণকে সচেতন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>পরিদর্শক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানান, জানুয়ারি/২৩ মাসে ৪৭টি অভিযান পরিচালনা করা হয়। মোট ২০টি মামলায় ২০জনকে গ্রেফতার করা হয়। আলাম হিসেবে ০২কেজি ১৫০ গ্রাম গাঁজা, চোলাই মদ ১৯ লিটার ও ওয়াশ ৯০ লিটার জব্দ করা হয়।<br>মৌলভীবাজার মডেল থানা কর্তৃক জানুয়ারি/২৩ মাসে ১১টি মামলায় ১৪ জনকে আসামী করা হয়েছে তন্মধ্যে গ্রেফতার করা হয়েছে ১৩ জনকে। ১৩৯ পিস ইয়াবা ট্যাবলেট ও ০৭ কেজি গাঁজা জব্দ করা হয় যার আনুমানিক মূল্য ১,৬৫,০০০/- টাকা। | উপজেলা নির্বাহী অফিসার, অফিসার ইনচার্জ, মৌলভীবাজার মডেল থানা,পরিদর্শক, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও ইউপি চেয়ারম্যান (সকল), মৌলভীবাজার সদর। |
| ০৮ | বাল্যবিবাহ প্রতিরোধ | ক) বাল্যবিবাহ সম্পর্কে সচেতনতা অবলম্বনসহ বাল্যবিবাহ সংঘটনের সংবাদ প্রাপ্তির সাথে সাথে প্রশাসনকে অবহিত করার জন্য ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। বাল্যবিবাহ রোধকল্পে মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ও সচিবগণ সদা তৎপর হয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। জন্ম-নিবন্ধন সনদ প্রদানের ক্ষেত্রে ইউপি চেয়ারম্যানগণ ও সচিবগণ যাচাই-বাছাইক্রমে সনদ ইস্যু করার জন্য পুনঃঅনুরোধ জানানো হয়। তাছাড়া ১০৯ নম্বর কল সেন্টার/সেল থেকে বাল্য বিবাহ সম্পর্কিত কোন কল এলে সাথে সাথে ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানানো হয়। বাল্য বিবাহ প্রতিরোধে ৫ম শ্রেণির ছাত্র-ছাত্রীদের ঝরে পড়া রোধ করার জন্য শিক্ষক অভিভাবক সভা নিয়মিতভাবে করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) হলফনামার মাধ্যমে বয়স বাড়িয়ে যাতে বাল্য বিবাহ না হয়, সে বিষয়ে নজরদারী অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, মৌলভীবাজার মডেল থানা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চেয়ারম্যান, সকল ইউপি, মৌলভীবাজার সদর। |
| ০৯ | রোহিঙ্গা সংক্রান্ত | রোহিঙ্গা অনুপ্রবেশ/অবস্থানের সংবাদ পাওয়ার সাথে সাথে পুলিশ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। মিয়ানমার হতে আগত কোন রোহিঙ্গা যাতে বাংলাদেশি সেজে নাগরিক সনদপত্র গ্রহণ এবং পাসপোর্ট করতে না পারে সে জন্য সংশ্লিষ্টদের তৎপর থাকার অনুরোধ করা হয়। তাছাড়া কাজের মেয়ে হিসেবে যেন কোন মেয়েকে কারো বাসায় রাখা না হয় সেদিকে লক্ষ্য রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, মৌলভীবাজার মডেল থানা,সহকারী পরিচালক, পাসপোর্ট অধিদপ্তর ও ইউপি চেয়ারম্যানবৃন্দ, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার। |
| ১০ | গ্রাম আদালত মনিটরিং সংক্রান্ত: | ক) গ্রাম আদালতে বিচার প্রার্থীরা যাতে হয়রানির শিকার না হয় সে বিষয়ে নজরদারী রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়<br>খ) পেন্ডিং মামলা দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১১ | দেশ ব্যাপী মশক নিধন ও পরিচ্ছন্নতা অভিযান পালনঃ ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলা | মশক নিধন ও পরিচ্ছন্নতা কর্মসূচি অব্যাহত রাখার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। সরকারি বিভিন্ন উদ্যোগের পাশাপাশি বসতবাড়ি/সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান স্ব-উদ্যোগে নিজ-নিজ বসতবাড়ি/সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান ও ইউপি চেয়ারম্যান (সকল) মৌলভীবাজার সদর, মৌলভীবাজার। |
| ১২ | যৌন হয়রানি প্রতিরোধ সংক্রান্ত | ইভটিজিংদের বিরুদ্ধে স্কুল ও কলেজে মোবাইল কোর্টের ঝটিকা অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। তা ছাড়া মহিলা ও শিশুদের যৌন হয়রানি রোধকল্পে মোবাইলকোর্ট পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেটবৃন্দ |

| | | | |
|---|---|---|---|
| ১৩ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে আইনগত ব্যবস্থা সংক্রান্ত | নারী ও শিশু নির্যাতন রোধ, অপহরণ, যৌতুক সম্পর্কিত উর্ধ্বতন আদালত হতে তদন্তের জন্য প্রাপ্ত মামলার তদন্তকার্য দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | গণ প্রতিনিধিবৃন্দ ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দ |
| ১৪ | পরিষ্কার পরিচ্ছন্নতা | ১২টি ইউনিয়নে ১২টি বাজারে স্বেচ্ছাসেবক সংগঠনের মাধ্যমে পর্যায়ক্রমে পরিস্কার- পরিচ্ছন্নতা কার্যক্রম চলবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও স্থানীয় স্বেচ্ছাসেবক সংগঠনের প্রধান। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির প্রতি সচেতন থাকার আহ্বান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

26.02.2023

(মোঃ শরীফ উদ্দিন)
পরিচিতি নম্বর : ১৭৪৮৪
উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার

স্মারক নম্বর-০৫.৪৬.৫৮৭৪.০০৯.০১.০০৬.১৯.১২৮(৫০)

তারিখ : ২৬ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, মৌলভীবাজার-৩ আসন।
২। সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
৫। পুলিশ সুপার, মৌলভীবাজার ।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মৌলভীবাজার সদর।
৭। মেয়র, মৌলভীবাজার পৌরসভা ।
৮। অধ্যক্ষ, ------------------------------------------------------------কলেজ।
৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, মৌলভীবাজার।
১০। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার ।
১১। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, মৌলভীবাজার ।
১২। উপজেলা --------------------------------------------------------কর্মকর্তা, মৌলভীবাজার সদর।
১৩। অফিসার ইনচার্জ, মৌলভীবাজার মডেল থানা/অফিসার ইনচার্জ, শেরপুর হাইওয়ে থানা, শেরপুর, মৌলভীবাজার সদর
১৪। মহাব্যবস্থাপক, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, শ্রীমঙ্গল।
১৫। সহকারী পরিচালক, বিআরটিএ, মৌলভীবাজার অঞ্চল ।
১৬। উপ-বিভাগীয় প্রকৌশলী, মৌলভীবাজার পওর উপ বিভাগ-১, বাপউবো, মৌলভীবাজার।
১৭। চেয়ারম্যান --------------------------------------------------ইউ.পি, মৌলভীবাজার সদর।
১৮। প্রধান শিক্ষক -------------------------------------------------------উচ্চ বিদ্যালয়, মৌলভীবাজার
১৯। জনাব ---------------------------------------------------------------------------

26.02.2023

উপজেলা নির্বাহী অফিসার
মৌলভীবাজার সদর, মৌলভীবাজার।